# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**


বিআরপিডি সার্কুলার লেটার নং-১১

১৭ মে ২০২৫
তারিখ: -----------------
০৩ জ্যৈষ্ঠ ১৪৩২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

## Master Circular on Schedule of Charges

শিরোনামোক্ত বিষয়ে ১০ জুন ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে ব্যাংক কর্তৃক আরোপিতব্য বিভিন্ন চার্জ/ফি/কমিশন ইত্যাদি বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। লক্ষণীয়, তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক Authorized Dealer (AD) শাখার মাধ্যমে বৈদেশিক মুদ্রা বিক্রয়ের ক্ষেত্রে ভিন্ন ভিন্ন হারে পাসপোর্ট এনডোর্সমেন্ট ফি/ চার্জ আদায়ের পাশাপাশি পৃথকভাবে সার্ভিস ফি/চার্জ/কমিশনও আদায় করার কারণে ব্যাংক হতে বৈদেশিক মুদ্রা ক্রয়ে গ্রাহক নিরুৎসাহিত হচ্ছে মর্মে বাংলাদেশ ব্যাংক বিভিন্ন মাধ্যম হতে অবহিত হয়েছে।

৩। এক্ষণে, বৈধ মাধ্যম হতে বৈদেশিক মুদ্রা ক্রয়ে উৎসাহিত করার লক্ষ্যে ব্যাংক কর্তৃক বৈদেশিক মুদ্রা বিক্রয়ের সময় পাসপোর্ট এনডোর্সমেন্ট ফি/ চার্জ এবং সার্ভিস ফি/চার্জ/কমিশন আদায়ের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণীয় হবে:

- ক) এনডোর্সমেন্ট ফি/ চার্জ হিসেবে সর্বোচ্চ ৩০০/- টাকা আদায় করা যাবে;
- খ) এনডোর্সমেন্ট ফি/ চার্জ ব্যতীত কোন সার্ভিস ফি/চার্জ/কমিশন বা অনুরূপ যে কোন নামে অতিরিক্ত কোন ফি/চার্জ/কমিশন আদায় করা যাবে না।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা প্রদান করা হলো।

৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২